দৈনিক
জনকণ্ঠ

তারিখ 14 JUL 2017
পৃষ্ঠা ... কলাম 2

# মাগুরায় প্রধান শিক্ষকের অনিয়মের প্রতিবাদে বিক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, মাগুরা, ১৩ জুলাই ॥** প্রধান শিক্ষকের অপসারণ ও অবৈধ ম্যানেজিং কমিটি বাতিলের দাবিতে বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার পাটকেলবাড়িয়া আখেজ উদ্দিন সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিক্ষোভ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। সদরের পাটকেলবাড়িয়া আখেজ উদ্দিন সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে কয়েক শ' শিক্ষার্থী, নারী-পুরুষ অভিভাবক ও এলাকাবাসী বিক্ষোভ প্রদর্শন ও মানববন্ধন করে। বিক্ষোভ ও মানববন্ধনে অংশগ্রহণকারীরা প্রধান শিক্ষক ফারুকুজ্জামান দলুর স্বেচ্ছাচারিতা, অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে নানা স্লোগান দিয়ে তাকে অপসারণ ও অবৈধ ম্যানেজিং কমিটি বাতিলের দাবি জানায়। তারা অভিযোগ করে, ফারুকুজ্জামান দলু মাগুরা সদরের পাটকেলবাড়িয়া আখেজ উদ্দিন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। বাড়ি পাটকেলবাড়িয়া গ্রামে স্কুলের অদূরেই। তিনি প্রধান শিক্ষক হলেও নিয়মিত স্কুলে আসেন না। আবার এলেও হাজিরা খাতায় স্বাক্ষর করে বাড়িতে গিয়ে গরু-ছাগল লালন-পালন করেন। দিনভর ব্যস্ত থাকেন নিজের জমিজমা চাষ ও ক্ষেত-খামারের পরিচর্যা নিয়ে। অনেক সময় স্কুলের শিক্ষার্থীদের মাঠে নিয়ে তিনি জমির আগাছা পরিষ্কার করান। একদিকে স্কুলে ক্লাস হয় না আবার স্কুলে গেলেও প্রায়ই মাঠে গিয়ে প্রধান শিক্ষকের জমি নিড়ানি দিতে হয়। এ কারণে শিক্ষার্থীরা স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছে। ২শ' শিক্ষার্থী থাকলেও প্রতিদিন ১৫ থেকে ২০ শিক্ষার্থী স্কুলে উপস্থিত হয়। এর ফলে এলাকার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। একজন প্রধান শিক্ষকের স্বেচ্ছাচারিতার কারণে বাচ্চাদের লেখাপড়া নিয়ে বিপাকে পড়েছেন বলে অভিযোগ করেন পাটকেলবাড়িয়া গ্রামের মাতব্বর আব্দুল বারিক ও হাজী আহম্মদ মাস্টার। শ্রাবন্তী, বন্যা, রাকিব, বারিক, রমেনসহ একাধিক শিক্ষার্থীর সঙ্গে কথা বলে এসব অভিযোগের সত্যতা পাওয়া যায়।